**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১, মিন্টো রোড, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক:৩৭.২৮.০০০০.১০৩.৩৮.০০১.২২-১০২৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আয়োজিত প্রশিক্ষণসমূহের ব্যবস্থাপনাকে সুষ্ঠুভাবে সম্পাদনে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠনের সাথে যোগাযোগ ও প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করেছে। এ উদ্ভাবনী প্রক্রিয়ায় কাউন্সিল আয়োজিত যেকোন প্রশিক্ষণের নোটিস প্রতিষ্ঠানসমূহের আইকিউএসি'র পরিচালকগণ অনলাইন নোটিফিকেসন এবং এসএমএস এর মাধ্যমে জানতে পারবেন এবং প্রতিষ্ঠান হতে আগ্রহী প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা অনলাইনে কাউন্সিলকে জানাতে সক্ষম হবেন। এখন থেকে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আয়োজিত সকল প্রশিক্ষণে প্রস্তুতকৃত নিম্নোক্ত ওয়েব অ্যাড্রেস এ লগ ইন করে প্রশিক্ষণার্থীগণের নাম পাঠাতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

কাউন্সিলে প্রশিক্ষণার্থীর নাম পাঠানোর ওয়েব অ্যাড্রেস: http://application.bac.org.bd/admin/login

(মোহাম্মদ তাজিব উদ্দিন)
পরিচালক
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ফোন-০২-২২২২৪১৬৫

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)
১. পূর্বকালীন সদস্য (সকল) , বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
২. পরিচালক, আইকিউএসি (সকল) পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩. পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৪. একান্ত সচিব, চেয়ারম্যান দপ্তর (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
৫. অফিস কপি।

**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১, মিন্টো রোড, ঢাকা-১০০০
www.bac.gov.bd

উদ্ভাবনী ধারণার শিরোনাম: প্রশিক্ষণ ব্যবস্থাপনা

**প্রেক্ষাপট:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইনে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানকে বিএনকিউএফ বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার ন্যূনতমমান নিশ্চিতকরণ বাধ্যতামূলক করা হয়েছে। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে বিএনকিউএফ বাস্তবায়নের মাধ্যমে অর্জিত মানের স্বীকৃতি হিসেবে অ্যাক্রেডিটেশনের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশে উচ্চশিক্ষার মান নিশ্চিতকরণ ও অ্যাক্রেডিটেশন কার্যক্রম সম্পূর্ণ নতুন। তাই উচ্চশিক্ষা প্রতিষ্ঠান কর্মরত শিক্ষকগণের সদ্য প্রবর্তিত বিএনকিউএফ এবং অ্যাক্রেডিটেশন কার্যক্রম সম্পর্কে ধারণা একেবারেই সীমিত। এ বাস্তবতায় কাউন্সিল আইনে শিক্ষার গুণগতমান নিশিতকরণ কৌশল এবং অ্যাক্রেডিটেশনের প্রক্রিয়া ও গুরুত্ব সম্পর্কে অংশীজনদের মধ্যে জ্ঞানের বিস্তার সাধনকে কাউন্সিলের অন্যতম দায়িত্ব হিসেবে চিহ্নিত করা হয়েছে। এ কারণে দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য কাউন্সিল নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করে।

**বিদ্যমান ব্যবস্থা:** কোন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ নির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছে কিনা নিশ্চিত হওয়ার জন্য বর্তমানে কোন ডাটাবেস নাই। অর্থাৎ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষণ চাহিদা নিরূপন কষ্টসাধ্য। এ অবস্থায় একটি প্রতিষ্ঠানকে নির্দিষ্ট প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা প্রয়োজন সেটা নিশ্চত হওয়া কষ্টসাধ্য। বর্তমানে কাউন্সিল আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীর জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান সমূহের সাথে টেলিফোনে প্রাথমিক যোগাযোগ সম্পন্ন করা হয়। টেলিফোনে যোগাযোগের মাধ্যমে প্রতিষ্ঠান ও প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ফোন নম্বর, ইমেইল ইত্যাদি সংগ্রহ কর হয়। সংগৃহীত ইমেইলে কাউন্সিল কর্তৃক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ নির্দেশিকাসহ চূড়ান্ত মনোনয়নপত্র প্রেরণ করা হয়। এ প্রক্রিয়ায় টেলিফোনে উপযুক্ত প্রশিক্ষণার্থী নির্বাচন, তাঁদের ফোন ও ইমেইল ডাকযোগে সংগ্রহকরণ এবং পুনরায় চূড়ান্ত পত্র প্রেরণ সময় সাপেক্ষ ও শ্রমসাধ্য। এছাড়া বর্তমান প্রক্রিয়ায় প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থীগণের কোন ডাটাবেস তৈরি না হওয়ায় ভবিষ্যতে যথাযথ প্রতিষ্ঠান ও প্রশিক্ষণার্থী নির্বাচনে সমস্যা সৃষ্টি হচ্ছে।

**সেবাটি উদ্ভাবনের ফলে প্রাপ্ত সুবিধাসমূহ:**

- আয়োজিতব্য প্রশিক্ষণ সম্পর্কে একটি কাস্টমাইজড মেসেজ দ্বারা স্বল্প সময়ে উদ্দিষ্ট প্রতিষ্ঠানকে একযোগে অবহিত করা সম্ভব হবে;
- প্রতিষ্ঠান সমূহ অনলাইনে নিজ নিজ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীগণের নাম, ইমেইল ইত্যাদি কাউন্সিলের ওয়েব অ্যাপ্লিকেশনে অন্তর্ভুক্তির মাধ্যমে কাউন্সিলে প্রেরণ করতে পারবেন;
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের একটি স্থায়ী ডাটাবেস তৈরি হবে যা থেকে ভবিষ্যতে উপযুক্ত প্রতিষ্ঠান ও প্রশিক্ষণার্থী নির্বাচন নির্ভুল ও সহজ হবে;
- কাউন্সিল ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের দাপ্তরিক কাজ নির্ভুল, সহজ ও সময় সাশ্রয়ী হবে।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১, মিন্টো রোড, ঢাকা-১০০০
www.bac.gov.bd

## উদ্ভাবনী ধারণার নাম: প্রশিক্ষণ ব্যবস্থাপনা

### প্রসেস ম্যাপ

**পূর্ববর্তী অবস্থা**

হার্ডকপি ফাইল দেখে ম্যানুয়ালি বিশ্ববিদ্যালয়ে তালিকা নির্ধারণ (৩ দিন)

↓

তালিকাভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর যোগাযোগের টেলিফোন নাম্বার ও ইমেইল আইডি সংগ্রহ করা (১ দিন)

↓

টেলিফোন ও ইমেইলে যোগাযোগ পুরোপুরিভাবে সম্পন্ন করা (৩ দিন)

↓

নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণের চিঠি প্রেরণ করা (১ দিন)

↓

বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের নামের তালিকা প্রেরণ (৭ দিন)

↓

বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা সংরক্ষণ করা (১ দিন)

↓

মনোনীত প্রশিক্ষণার্থীকে চিঠি প্ররণ ও যোগাযোগ সম্পন্ন করা (২ দিন)

↓

প্রশিক্ষণার্থীর রেজিস্ট্রেসন কার্য সম্পন্ন করা (১ দিন)

**বর্তমান অবস্থা**

বিশ্ববিদ্যালয়ের তালিকা নির্ধারণ, যোগাযোগের নাম্বার ও ইমেইল আইডি সংগ্রহ এবং প্রশিক্ষণের চিঠি প্রেরণ করা করা (১ দিন) (সিস্টেম জেনারেটেড)

↓

বিশ্ববিদ্যালয় কর্তৃক কাউন্সিলে প্রশিক্ষণার্থীদের নামের তালিকা প্রেরণ, সংরক্ষণ (৩ দিন)

↓

প্রশিক্ষণার্থীর রেজিস্ট্রেসন কার্য সম্পন্ন করা (১ দিন) (সিস্টেম জেনারেটেড)

সেবা প্রাপ্তির লিংক
http://application.bac.org.bd/admin/training-list

**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১, মিন্টো রোড, ঢাকা-১০০০
www.bac.gov.bd

পূর্ববর্তী ও বর্তমান অবস্থার তুলনামূলক পার্থক্য

| বিষয় | পূর্ববর্তী সেবা প্রদান | বর্তমান সেবা প্রদান | সুবিধা |
|---|---|---|---|
| সময় | ১৯ দিন | ৫ দিন | ১৪ দিন সাশ্রয় |
| ভিজিট | নাই | নাই | - |
| খরচ | নাই | নাই | - |
| ডাটাবেইজ | এনালগ পদ্ধতিতে সেবা প্রদান করা হতো। সিস্টেম জেনারেটেড ডাটাবেইজ তৈরির কোন সুযোগ ছিল না। | ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদান হচ্ছে এবং সিস্টেম জেনারেটেড ডাটাবেইজ তৈরির সুযোগ সৃষ্টি হয়েছে। | ক্লাউডভিত্তিক স্থায়ী ডাটাবেইজ তৈরি হচ্ছে যা ভবিষ্যৎ কার্যক্রমকে সহজ, নির্ভুল ও সময় সাশ্রয়ী করবে |

স্টেকহোল্ডার/ বেনিফিসিয়ারি:

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ও উচ্চ শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ

**মোহাম্মদ তাজিব উদ্দিন**
আইডি: ০১২০১৩
পরিচালক (কিউএ অ্যান্ড এনকিউএফ)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল